

দৈনিক প্রথম আলো

তারিখ: ২৬/৮/২০১৬



বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট  
(সাবেক সিভিল সার্ভিস কলেজ, ঢাকা)  
(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)

মাস্টার্স প্রোগ্রামে ভর্তি  
শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭

১. গভর্নেন্স এন্ড পাবলিক পলিসি (GPP)
২. ইন্টারন্যাশনাল ইকোনোমিক রিলেশন্স (IER)
৩. হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HRM)

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট একটি প্রশাসন, জননীতি ও ব্যবস্থাপনা বিষয়ক স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের উদ্দেশ্য হল সরকারী ও বেসরকারী কর্মকর্তাদের ব্যবস্থাপনা সম্পর্কিত প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য যথাযথভাবে প্রস্তুত ও দক্ষ করে গড়ে তোলা যাতে তাঁরা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠায় বিশেষ অবদান রাখতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** বিসিএস ক্যাডার ও প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা, রাষ্ট্রায়ত্ত্ব ও বেসরকারী কর্পোরেশন, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান এবং এনজিওতে কর্মরত মধ্য পর্যায়ের কর্মকর্তাগণ নিম্নোক্ত পেশাগত ও শিক্ষাগত যোগ্যতা পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবেন।

ন্যূনতম: ১. চার বছরের এক্সিকিউটিভ লেভেলের চাকুরির অভিজ্ঞতাসহ দুই বছরের ব্যাচেলর ডিগ্রী, অথবা ২. তিন বছরের এক্সিকিউটিভ লেভেলের চাকুরির অভিজ্ঞতাসহ তিন বছরের স্নাতক ডিগ্রী, অথবা ৩. দুই বছরের এক্সিকিউটিভ লেভেলের চাকুরির অভিজ্ঞতাসহ স্নাতকোত্তর বা চার বছরের স্নাতক ডিগ্রী, অথবা ৪. অভিজ্ঞতা নেই কিন্তু সকল পাবলিক পরীক্ষায় প্রথম শ্রেণী/সমকক্ষ ফলাফল। ন্যূনতম শিক্ষাগত পয়েন্ট ৬, যেখানে প্রথম শ্রেণী/ক্লাস/সিজিপিএ > ৩.৫ = ৩ পয়েন্ট, দ্বিতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ > ২.৭৫ থেকে ৩.৫ = ২ পয়েন্ট ও তৃতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ > ২ থেকে ২.৭৫ = ১ পয়েন্ট। ভর্তির জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা বাধ্যতামূলক।

**টিউশন ফি:** বিসিএস ক্যাডার কর্মকর্তা ও প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তাদের টিউশন ফি সরকার বহন করবে, এজন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন। অন্যদের ক্ষেত্রে পুরো কোর্সের টিউশন ফি বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা। অন্যান্য ফি ও বিস্তারিত তথ্যের জন্য ওয়েবসাইট ভিজিট করুন।

**আবেদন ও ভর্তি পরীক্ষা:** প্রোগ্রাম ও ভর্তি সংক্রান্ত তথ্য ইনস্টিটিউট ওয়েব সাইটে ([www.bigm.edu.bd](http://www.bigm.edu.bd)) এবং Facebook Page: <https://www.facebook.com/bigmdhaka/> অথবা সরাসরি ক্যাম্পাসের ভর্তি অফিসে পাওয়া যাবে। ভর্তি ফরম ১০০০/- (এক হাজার) টাকা ফিসহ অনলাইনে ([www.bigm.edu.bd](http://www.bigm.edu.bd)) অথবা সরাসরি ক্যাম্পাসের ভর্তি অফিসে জমা দেয়া যাবে।

**সময়সূচী:** (১) ফরম জমা দেয়ার শেষ তারিখ: সোমবার, সেপ্টেম্বর ২৬, ২০১৬ (২) লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ: বুধবার, সেপ্টেম্বর ২৮, ২০১৬ (৩) লিখিত পরীক্ষা শুক্রবার, সেপ্টেম্বর ৩০, ২০১৬, বিকাল ৪ ঘটিকায় (৪) সাক্ষাৎকার: শনিবার, অক্টোবর ১, ২০১৬ সকাল ১০টা থেকে। (৫) চূড়ান্ত ফল প্রকাশ: বুধবার, অক্টোবর ৫, ২০১৬, (৬) ভর্তির শেষ তারিখ: বুধবার অক্টোবর ১৯, ২০১৬।

বিদ্র: বিভিন্ন প্রতিষ্ঠানের অনুরোধে ভর্তি ফরম জমা দেয়ার সময়সীমা বৃদ্ধি করা হয়েছে।

পরিচালক  
বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট

ই-৩৩, আগারগাঁও, শেখ-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, মোবাইল: ০১৭৭৪৬৫১৫৭০, ০১৫৫৮৯৮৭০৬৪,  
০১৭২০৯৮৬৯৭২, ০১৭১৬১৭০৮৫৫, ০১৯১৩৪৫৩৬৯৩, পিএবিএক্স: ০২-৯১৪১০৩১, ৯১৪১০৬৬, ৯১৪১২৫২,  
ফ্যাক্স: ০২-৯১৪১২৩১, ই-মেইল: [info@csc.edu.bd](mailto:info@csc.edu.bd), ওয়েবসাইট: [www.bigm.edu.bd](http://www.bigm.edu.bd)